

প্রশিক্ষণ প্রতিবেদন

প্রতিষ্ঠানের নাম: রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

প্রশিক্ষণের নাম: Training on Microfinance Management for JCO (Trainee)

প্রশিক্ষণের সময়কাল: ০৭ - ০৯ মার্চ এবং ১০ - ১২ মার্চ, ২০২৬।

প্রশিক্ষণের স্থান: Padakhep Institute of Development Management, আদাবর, শ্যামলী, ঢাকা।

অংশগ্রহণকারীর সংখ্যা:

ব্যাচ নং	নারী	পুরুষ	মোট
০১	০৩	২৬	২৯
০২	০৬	১৮	২৪



পটভূমি:

রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) একটি জাতীয় পর্যায়ের বেসরকারী উন্নয়ন সংস্থা। সময়ের সাথে সাথে কাজের পরিধি সম্প্রসারিত হওয়ার পাশাপাশি বৃদ্ধি পেয়েছে কর্মএলাকা। এইসব কর্মএলাকায় প্রয়োজন দক্ষ জনবল। সেই লক্ষ্যে নতুন স্টাফ নিয়োগ (Experienced & Fresher) এবং তাদের প্রশিক্ষণ একটি সংস্থার কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য খুবই গুরুত্বপূর্ণ। প্রশিক্ষণের মাধ্যমে তারা প্রতিষ্ঠানের নিয়ম-নীতি, কাজের পদ্ধতি ও দায়িত্ব সম্পর্কে পরিষ্কার ধারণা পায়। এতে তাদের দক্ষতা বৃদ্ধি পায় এবং কাজের মান উন্নত হয়। ফলে প্রতিষ্ঠান দ্রুত তার লক্ষ্য অর্জনে সক্ষম হয়। সর্বোপরি দেশের দুর্বিসহ বেকার সমস্যা সমাধান করার জন্য সংস্থার পক্ষ থেকে একটি ক্ষুদ্র প্রয়াস।

প্রশিক্ষণের মূল ফোকাস:

ক্ষুদ্র ঋণ কর্মসূচীর মাঠ পর্যায়ে প্রশিক্ষণরত জুনিয়র ক্রেডিট অফিসার-ট্রেইনিদের কর্মসূচী সম্পর্কে জ্ঞান বৃদ্ধির মাধ্যমে তাদের পেশাগত দক্ষতার উন্নয়ন করা।

প্রশিক্ষণের উদ্দেশ্য: প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীগণ-

- আর্থ-সামাজিক উন্নয়নে রিক ঋণ কর্মসূচীর ভূমিকা ব্যাখ্যা করতে পারবেন;
- কর্মসূচীর নীতিমালা অনুযায়ী সেবা গ্রহণকারী জনগোষ্ঠী নির্বাচিত করে সমিতি গঠন করতে পারবেন;
- সঞ্চয়ের গুরুত্ব অনুধাবন করে সঞ্চয় কার্যক্রমকে গতিশীল করতে পারবেন;
- সঠিক ঋণী নির্বাচন, ঋণ বিতরণ এবং আদায় পদ্ধতি জেনে ঋণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে পারবেন;
- ঋণ কার্যক্রমের ঝুঁকিসমূহ চিহ্নিত ও ঝুঁকিমুক্ত রাখার ক্ষেত্রে করণীয়সমূহ ব্যাখ্যা করতে পারবেন;
- ঋণ খেলাপী হওয়ার কারণ এবং খেলাপী প্রতিরোধ ও প্রতিকারের উপায় ব্যাখ্যা করতে পারবেন;
- আত্ম-পর্যালোচনা ও আত্ম-নিয়ন্ত্রণ চর্চা করতে পারবেন;
- কার্যকরী যোগাযোগ করতে পারবেন;
- সিও (ট্রেইনি)-দের দায়িত্ব-কর্তব্য সম্পর্কে বর্ণনা করতে পারবেন।



বিষয়বস্তু

- রিক এর ভিশন, মিশন, উদ্দেশ্য, প্রধান কার্যক্রমসমূহ এবং রিক সংস্কৃতি ও মূল্যবোধ
- ক্ষুদ্রঋণ কর্মসূচি সম্পর্কে সাধারণ ধারণা
- রিক এর নীতিমালার সাথে পরিচিতি
- **Soft Skills**
 - ব্যক্তিত্ব উন্নয়ন
 - আত্মপর্যালোচনা (Self-Reflection)
 - আবেগীয় বুদ্ধিমত্তা (Emotional Intelligence)
 - কার্যকর যোগাযোগ
 - ফিডব্যাক/অভিমত (Feedback)
 - প্রেষণা
- **Cross Cutting Issues:**
 - রিক কর্মকর্তাদের জন্য সংস্থা কর্তৃক প্রদত্ত সুযোগ-সুবিধা (Staff Benefits)
 - রিক আচরণবিধি
 - MRA বিধিমালা/ আইন ও Money Laundering আইন, শুদ্ধাচার, সেভগার্ডিং, জেভার
- সিও এর দায়িত্ব-কর্তব্য (Job Description)
- Software and Reporting

কার্যক্রম:

প্রশিক্ষণের সময় বিভিন্ন পদ্ধতি ও কৌশল (বড় দলে আলোচনা, মুক্ত চিন্তার বাড়, জুটিতে আলোচনা, গেম, অনুশীলনী, প্রদর্শন ইত্যাদি) ব্যবহার করে বিভিন্ন বিষয় উপস্থাপন করা হয় এবং অংশগ্রহণকারীদের সাথে আলোচনা করা হয়। এছাড়াও প্রশ্ন-উত্তর পর্বের মাধ্যমে নতুন স্টাফদের বিভিন্ন সমস্যার সমাধান দেওয়া হয়।

অংশগ্রহণকারীদের অনুভূতি:

প্রশিক্ষণে অংশগ্রহণকারীরা অত্যন্ত আগ্রহ ও উৎসাহের সাথে অংশ নেয়। তারা প্রশিক্ষণ থেকে নতুন জ্ঞান ও অভিজ্ঞতা অর্জন করে সন্তুষ্টি প্রকাশ করে। অনেকেই মনে করেন এই প্রশিক্ষণ তাদের কাজের দক্ষতা বাড়াতে সহায়তা করবে।

ফলাফল:

প্রশিক্ষণের মাধ্যমে নতুন স্টাফরা প্রতিষ্ঠানের নিয়ম-নীতি, দায়িত্ব ও কাজের পদ্ধতি সম্পর্কে স্পষ্ট ধারণা লাভ করে। তাদের দক্ষতা ও আত্মবিশ্বাস বৃদ্ধি পায় এবং ভবিষ্যতে তারা কার্যকরভাবে কাজ করতে সক্ষম হবে।

সীমাবদ্ধতা:

সময়ের স্বল্পতার কারণে কিছু বিষয় সংক্ষেপে আলোচনা করা হয়েছে। এছাড়া প্রযুক্তিগত সুবিধার কিছু সীমাবদ্ধতা ছিল। ভবিষ্যতে এসব সমস্যা সমাধান করা হলে প্রশিক্ষণ আরও কার্যকর হবে।

উপসংহার:

সার্বিকভাবে প্রশিক্ষণটি সফলভাবে সম্পন্ন হয়েছে। ভবিষ্যতেও নতুন স্টাফদের দক্ষতা বৃদ্ধির জন্য এ ধরনের প্রশিক্ষণের আয়োজন অব্যাহত থাকবে